বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১৮

তারিখ: ৩১ ভাদ্র , ১৪২৯ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৩৮ তম কমিশন সভা অদ্য ১৫/০৯/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১. কমিশন অদ্যকার সভায়, Eastern Bank Limited (EBL) এর প্রস্তাবিত ৭ বছর মেয়াদী ৫০০ কোটি টাকার Non-convertible Unsecured Floating rate Fully-redeemable Subordinated Bond ইস্যুর জন্য সম্মতি প্রদান করেছে, যার কুপন হার ৬%-৯% এর মধ্যে থাকবে এবং প্রতি ইউনিট অভিহিত মূল্য ১.০০ কোটি টাকা। আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, কর্পোরেট ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ডের টাকায় EBL তাদের Tier-II Capital Base শক্তিশালী করবে এবং প্রচলিত ব্যবসায়ে বিনিয়োগ করবে। UCB Investments Ltd. বন্ডটির ট্রাস্টি হিসেবে কাজ করছে। এছাড়াও, শর্তানুযায়ী বন্ডটি Alternative trading Board এ অন্তর্ভুক্ত হবে।

২. কমিশন অদ্যকার সভায়, সার্বিক বিবেচনায় Islami Commercial Insurance Company Limited (ICICL) এর আবেদনের প্রেক্ষিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে (face value) ২০,২৬১,১০৬ টি সাধারণ শেয়ার সর্বমোট ২০.২৬ কোটি টাকা প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে পুঁজি উত্তোলনের অনুমোদন দেয়া হয়। বর্ণিত টাকা উত্তোলনের মাধ্যমে IDRA বিধান মোতাবেক বাধ্যতামূলকভাবে পুঁজিবাজারে তালিকাভুক্তি নিশ্চিত করার পাশাপাশি কোম্পানিটি ২০.২৬ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ফিক্সড ডিপোজিট, সরকারি সিকিউরিটিজ, পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের ব্যয় নির্বাহ করবে । কোম্পানিটির সর্বশেষ প্রকাশিত ৩১ ডিসেম্বর ২০২১ সালে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুন:মূল্যায়ন সহ শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share with revaluation surplus) ২০.৯৬ টাকা এবং পুন:মূল্যায়ন বাদে শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share without revaluation surplus) ১৭.৪৮ টাকা, শেয়ার প্রতি আয় (EPS) ১.৮২ টাকা। কোম্পানিটি সাধারণ বীমা খাতে ব্যবসায় পরিচালনা করে। বর্ণিত আইপিও এর ইস্যু ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি:, প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি: ও ইসি সিকিউরিটিজ লি: এবং নিরীক্ষক হিসেবে কাজ করেছে ইসলাম আফতাব এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

15-09-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd